বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা
www.bb.org.bd

এফই সার্কুলার নং. ৩৮ তারিখঃ ডিসেম্বর ০৭, ২০১৪

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত সকল
অনুমোদিত ডিলার ব্যাংকের প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস

প্রিয় মহোদয়,

**অনিবাসীর টাকা হিসাবে ( Non resident Taka Accounts -NRTA) লেনদেন প্রসঙ্গে।**

গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশন্স, ভলিয়্যুম-১(২০০৯), অধ্যায়-১৪ এর অনুচ্ছেদ নং-৭, সেকশন-২ এ বর্ণিত অনিবাসী ব্যক্তির টাকা হিসাবে অনুমোদিত লেনদেনের নির্দেশনার প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উল্লেখ্য, উক্তরূপ লেনদেনের ক্ষেত্রে বৈদেশিক মুদ্রায় বহিঃরেমিট্যান্সের মাধ্যমে বিকলন করার সুযোগ নেই।

০২. এক্ষণে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, অনিবাসী ব্যক্তির টাকা হিসাবের স্থিতি হতে নিম্নলিখিত উদ্দেশ্যে বহিঃরেমিট্যান্স বাবদ বিকলনও অনুমোদনযোগ্য করা হল ঃ

(ক) হিসাবধারী এবং তাদের পরিবারের সদস্যগণ যে দেশে বসবাস করছেন সেখানে জীবন ধারনের তাগিদে উদ্ভুত খরচ;

(খ) প্রাতিষ্ঠানিক হিসাবধারী কর্তৃক বিদেশ হতে অনুমোদনযোগ্য পণ্য/সেবা ক্রয়ের বিপরীতে চলতি প্রকৃতির ব্যয় পরিশোধ;

(গ) উপরের ক্রমিক নং-(১) এবং (২) এ উল্লিখিত বিষয়গুলো অনুচ্ছেদ-১৩ তে বর্ণিত বাংলাদেশ ব্যাংকের অনুমোদন/ফরম A-7 এ প্রতিবেদন দাখিলের আবশ্যকতা পরিপালন সাপেক্ষে কার্যকর হবে।

০৩. গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশন্স, ভলিয়্যুম-১(২০০৯), অধ্যায়-১৪ এর অনুচ্ছেদ নং-৭, সেকশন-২ এ বর্ণিত অপরাপর নির্দেশনাবলী এক্ষেত্রে অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ জাকির হোসেন চৌধুরী)
উপ মহাব্যবস্থাপক
ফোন: ৯৫৩০২৫০